

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫০.০০৪.২১.১২৬৭

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮  
২২ আগস্ট ২০২১

প্রাপক:

জেলা খাদ্য নিয়ন্ত্রক  
গোপালগঞ্জ/মাদারীপুর।

বিষয়: সিন্ধিয়াঘাট এলএসডি হতে টেকেরহাট এলএসডিতে ৩০০ মে.টন সংগৃহীত বোরো/২০২১ সিদ্ধ চালের চলাচল সুচি।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জের ১৯/০৮/২০২১ তারিখের ৩১৫১ নংস্মারক।

জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জের সূত্রস্থ স্মারকে চলতি বোরো'২০২১ মৌসুমে গোপালগঞ্জ জেলার সিন্ধিয়াঘাট এলএসডিতে চাল সংগ্রহের স্বার্থে খালিজায়গা সৃষ্টির লক্ষ্যে সংগৃহীত বোরো'২০২১ সিদ্ধ চাল সরানোর প্রস্তাব এবং মাদারীপুর জেলার টেকেরহাট এলএসডির খালিজায়গা, সংগ্রহের অবশিষ্ট পরিমাণ বিবেচনায় আপতকালীন মজুদ গড়ার লক্ষ্যে ৩০০ মে.টন সংগৃহীত বোরো/২০২১ সিদ্ধ চালের চলাচল সুচি জারী করা হলো এবং কেন্দ্রভিত্তিক বরাদ্দ ও ঠিকাদারের বিভাজন নিম্নে প্রদান করা হলো।

#### কেন্দ্রভিত্তিক বরাদ্দঃ

ক্রঃ নং	প্রেরক কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিমাণ	ডিআরটিসি
১	২	৩	৪	৫	৬
১।	সিন্ধিয়াঘাট এলএসডি, গোপালগঞ্জ	টেকেরহাট এলএসডি, মাদারীপুর	সংগৃহীত বোরো'২১ সিদ্ধ চাল	৩০০	৩০০
মোট =				৩০০	৩০০

#### ঠিকাদারভিত্তিক বিভাজনঃ

ক্রঃ নং	ঠিকাদারের নাম	(এ)	পণ্য	প্রেরক কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টনে)
১	২	৩	৪	৫	৬	৭
১	মেসার্স কান্তা এন্টারপ্রাইজ	২২	সংগৃহীত বোরো'২১ সিদ্ধ চাল	সিন্ধিয়াঘাট এলএসডি, গোপালগঞ্জ	টেকেরহাট এলএসডি, মাদারীপুর	৬০
২	মেসার্স জুম্মন এন্ড ওলি ট্রেডার্স	২৩		ঐ	ঐ	৬০
৩	মেসার্স সুমী এ্যালমুনিয়াম ষ্টোর	২৪		ঐ	ঐ	৬০

৪	মেসার্স বুগা এন্টারপ্রাইজ	২৫	ঐ	ঐ	ঐ	৬০
৫	মেসার্স গাজী এন্ড কোং	২৬	ঐ	ঐ	ঐ	৬০
মোট =						৩০০

### পরিবহন ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলীঃ

- ১। সূচীর বিপরীতে উপরোক্ত সারণীর ৪নং কলামের উল্লিখিত চাল ওয়ারেন্টি অনুসরণপূর্বক প্রেরণ করতে হবে এবং ব্যাক মুভমেন্ট পরিহার করে চাল প্রেরণ করতে হবে। এছাড়া খাদ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী গঠিত কমিটির উপস্থিতিতে চলাচল সূচীর চাল প্রেরণ/গ্রহণ করতে হবে।
- ২। জারীকৃত চলাচল সূচীর খাদ্যশস্য ঠিকাদার/প্রতিনিধিগণের উপস্থিতিতে পণ্য বোঝাই ট্রাক (ট্রাকে খাদ্যশস্য বোঝাই দেয়ার পর ত্রিপাল দিয়ে ঢেকে ভালভাবে বেঁধে সীলগালা করতে হবে) এবং নমুনা যৌথ স্বাক্ষরে সীলগালাপূর্বক প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৩। ইনভয়েসে “পণ্য/প্রকার” বক্সে চালের প্রকার সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট মানযাচাই কমিটি কর্তৃক চালের ভৌতবিশ্লেষণ প্রতিবেদন প্রেরিত চালের সাথে প্রেরণ করতে হবে;
- ৪। প্রেরককে প্রেরণকালে প্রতিটি বস্তায় বোঝা মেরে বিনির্দেশ মোতাবেক এবং প্রতিটি বস্তায় মিলারের টেনসিল ও গুদামের টেনসিল নিশ্চিত হয়ে চাল ট্রাকে বোঝাই ও প্রেরণ করতে হবে। এর ব্যত্যয় হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সকলকে বহন করতে হবে।
- ৫। প্রাপককে প্রতিটি বস্তায় বোঝা মেরে চালের বিনির্দেশ মোতাবেক এবং প্রতিটি বস্তায় মিলারের টেনসিল ও গুদামের টেনসিল নিশ্চিত হয়ে চাল ট্রাক হতে খালাস ও গ্রহণ করতে হবে। এর কোন ব্যত্যয় ঘটলে সাথে সাথে অত্র দপ্তরসহ সংশ্লিষ্ট প্রেরক কেন্দ্র ও প্রাপক কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে অবহিত করতে হবে।
- ৬। প্রেরককে প্রেরণকালে প্রেরিত চালের দুইটি নমুনা সংগ্রহ করে সীলকৃত অবস্থায় একটি প্রেরণ কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং অপরটি পরিবাহকের মাধ্যমে সীলকৃত অবস্থায় প্রাপক কেন্দ্রে প্রেরণ করতে হবে;
- ৭। প্রেরক ঠিকাদার/ঠিকাদার প্রতিনিধির বৈধ পরিচয়পত্র যাচাই করে ডেসপাস দিবেন। পরিবহনকারী ঠিকাদার/প্রতিনিধি বিনির্দেশ মোতাবেক চাল গ্রহণ ও পরিবহন করে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন;
- ৮। প্রেরিত চাল বিনির্দেশ সম্মত আছে কিনা তা দেখে বোঝাই দিতে হবে এবং চালের গুণগত মান ভি-ইনভয়েসে উল্লেখ করতে হবে;
- ৯। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা প্রেরণ, প্রাপ্তি ও ভি-ইনভয়েস মনিটরিং করবেন।
- ১০। এছাড়া ০৯/০৫/২০১৯ তারিখের ৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেসিলের স্পষ্ট ছাপ দেয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।
- ১১। খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৮/০৬/২০ তারিখের ৫২৬নং স্মারক জারীকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরক কেন্দ্র এবং প্রাপক কেন্দ্র তাদের নির্ধারিত ইনভয়েস যথানিয়মে এন্ট্রি সম্পন্ন করবেন।
- ১২। এই সূচীর মেয়াদ আগামী ২৭/০৮/২০২১ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

...



২৩-৮-২০১৯

তপন কুমার দাস  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫০.০০৪.২১.১২৬৭/১(৭)

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮  
২২ আগস্ট ২০২১

সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, , খাদ্য ও দুয়োগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সহকারী উপ-পরিচালক, , অত্র দপ্তর।
- ৪) ব্যবস্থাপক/এসএন্ডএমও, সিএসডি/এলএসডি, , .....ঢাকা বিভাগ।
- ৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, , .....এলএসডি, .....জেলা।
- ৬) মেসার্স ..... , ডিআরটিসি, ঢাকা।
- ৭) হিসাব শাখা/নোটিশ বোর্ড, , অত্র দপ্তর।



২৩-৮-২০২১

তপন কুমার দাস  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক